০৫।৮।২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৪ কলাম ৭

# শ্রমজীবী শিশুদের জন্য চট্টগ্রামে ৬১৫টি শিক্ষাকেন্দ্র

**চট্টগ্রাম ব্যুরো** ।। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহায়তায় ইউনিসেফ চট্টগ্রাম, মহানগর ওয়ার্ডগুলোতে প্রায় ৬১৫টি কেন্দ্রে ১৮৭৫০ জন শ্রমজীবী শিশু-কিশোরদের ২ বছর মেয়াদী একটি কোর্সে শিক্ষা প্রদান করবে। শিক্ষা হতে বঞ্চিত ৮ হতে ১৪ বছর বয়সী কর্মজীবী শিশু-কিশোরদের এতে বাংলা ও গণিত শিক্ষার পাশাপাশি স্বাস্থ্য, পরিবেশ ও নৈতিক শিক্ষাও দেয়া হবে।

গত সোমবার দুপুরে সিটি মেয়র আলহাজ এবিএম মহিউদ্দিন চৌধুরীর সাথে তার কার্যালয়ে উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের অধীনে প্রকল্প ৩-এর পরিচালক জনাব মুহম্মদ মুসলেম উদ্দিন ও ইউনিসেফ'র চীফ ফিল্ড অপারেশনস্ কর্মকর্তাদের এক বৈঠকে এ তথ্য জানানো হয়।